

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।

তারিখ : ০১/১১/২০১৫ খ্রিঃ

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ৩ বৎসর মেয়াদী ফায়িল (স্নাতক) শ্রেণীর প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন করার বিজ্ঞপ্তি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীন সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা-এর ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ৩ বৎসর মেয়াদী ফায়িল (স্নাতক) প্রাইভেট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্যক্রম চলছে।

ক. আবেদন করার ন্যূনতম যোগ্যতা :

১৯৮৮ সাল থেকে ২০১২ সাল পর্যন্ত আলিম পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীগণ ফায়িল (স্নাতক) শ্রেণীতে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন পূর্বক ফায়িল (স্নাতক) পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে।

খ. আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে:

১. আলিম পরীক্ষার মূল নম্বরপত্র।
২. দাখিল ও আলিম পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র/সনদ ৩ (তিনি) কপি।
৩. সদ্য উঠানো টুপি/ওড়না পরিহিত পাসপোর্ট সাইজের ৩ (তিনি) কপি রঙিন ছবি।
৪. চাকুরীর প্রার্থীদের ঘথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র।

** আবেদন ফরম, তথ্য ফরম ও পাঠ বিরতিদ সনদ (ফি. প্রদান করে অফিস থেকে সংগ্রহ করতে হবে)।

গ. আবেদন ফরম সংগ্রহ ও জমা :

আগামী ০১/১১/২০১৫ তারিখ থেকে ২৮/১১/২০১৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে মাদরাসা অফিস কক্ষ থেকে আবেদন ফরম (দরখাস্ত), তথ্য ফরম ও পাঠ বিরতি সনদের কপি সংগ্রহ করতে হবে এবং জমা দিতে হবে।

উল্লেখ্য, পরবর্তীতে রেজিস্ট্রেশন কার্ড নিজ হাতে পূরণ করতে হবে এবং ১ম বর্ষের নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

বিঃ দ্রঃ ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃক (৩ বৎসর মেয়াদী) ফায়িল কোর্সের জন্য প্রণীত একাডেমিক ও পরীক্ষা সংক্রান্ত অর্ডিনেশন এবং পাঠ্যসূচী অনুযায়ী ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের ফায়িল (স্নাতক) প্রাইভেট পরীক্ষার্থীদের কার্যক্রম পরিচালিত হবে। এ মূলে ফায়িল (স্নাতক) প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের অনুষ্ঠিতব্য ১ম বর্ষ পরীক্ষা-২০১৫-তে ৪০০ নম্বরের, ২য় বর্ষ পরীক্ষা-২০১৬-তে ৪০০ নম্বরের এবং ৩য় বর্ষ পরীক্ষা-২০১৭-তে ৬০০ নম্বরের অর্থাৎ সর্বমোট ১৪০০ নম্বরের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।


প্রফেসর সিরাজ উদ্দিন আহমদ
আইডি নং-০০৯৪৯০
অধ্যক্ষ
সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।
প্রফেসর সিরাজ উদ্দিন আহমদ
অধ্যক্ষ
সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।